



বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন

BANGLADESH TEXTILE MILLS CORPORATION

BTMC Bhaban, 7-9, Kawran Bazar C.A., Dhaka-1215, P.O. Box No. - 462, Fax : 880-2-58152680
E-mail : btmcho@yahoo.com, btmcho@gmail.com, Website : www.btmc.gov.bd.

সূত্র নং- ২৪.০৩.০০০০.১০১.৩৭(১).১০৬.১৭/২০১১

তারিখঃ ৩০.০৮.১৪২৪ বঙ্গাব্দ
১৪.১২.২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ খুলনা টেক্সটাইল মিলে “খুলনা টেক্সটাইল পল্লী” স্থাপনের লক্ষ্যে ২৪টি শিল্প প্লট বিক্রয়ের দরপত্র সিডিউল
বিক্রয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, বিটিএমসি'র নিয়ন্ত্রণাধীন খুলনা টেক্সটাইল মিলস লিঃ এ “খুলনা
টেক্সটাইল পল্লী” স্থাপনের লক্ষ্যে ২৪টি শিল্প প্লট বিক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে (দরপত্র বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)।
উক্ত দরপত্র বিজ্ঞপ্তি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা আবশ্যিক। দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক আগামী
০৯.০১.২০১৮ তারিখ পর্যন্ত আপনার দপ্তরে দরপত্র সিডিউল বিক্রির প্রস্তাব রাখা হয়েছে। এ প্রেক্ষিতে আগামী ০৯.০১.২০১৮
তারিখ পর্যন্ত প্রতি সেট ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র সিডিউল বিক্রয়ের জন্য ১০(দশ) সেট
দরপত্র সিডিউল এবং টাকা প্রাপ্তি বহি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

বর্ণিত অবস্থায়, দরপত্র বিজ্ঞপ্তি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং দরপত্র সিডিউল বিক্রয়লব্ধ অর্থ ও
অবিক্রিত সিডিউলসমূহ বিটিএমসি কে ফেরৎ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- ১। দরপত্র বিজ্ঞপ্তি।
- ২। দরপত্র সিডিউল ১০ (দশ) সেট।
- ৩। টাকা প্রাপ্তি বহি নং- ২৮৭১ হতে ২৮৮০ পর্যন্ত।


(জে. আর. শাহরিয়ার)
সচিব, বিটিএমসি।
ফোন নম্বরঃ ৯১১৫৭৬৩

অতিঃ সচিব,
বেসরকারীকরণ ও বিরাস্ত্রীয়করণ শাখা,
বস্ত্র ও পাট মন্ত্রণালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
বাংলাদেশ সচিবালয়,
ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ-সচিব, বস্ত্র-ও অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সহকারী সচিব, বেসরকারীকরণ ও বিরাস্ত্রীয়করণ শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষক (অতিঃ দায়িত্ব), বিটিএমসি, ঢাকা।
- ৪। ইনচার্জ, খুলনা টেক্সটাইল মিলস লিঃ, বয়রা প্রধান সড়ক, খুলনা।

o/e



বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন

বিটিএমসি ভবন

৭-৯, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

www.btmc.gov.bd

সূত্র নং-২৪.০৩.০০০০.১০১.০৭(১).১০৬.১৭. ২০৪৮

তারিখঃ ১২.০৮.১৪২৪ বঙ্গাব্দ
২৬.১১.২০১৭ খ্রিস্টাব্দ

খুলনা টেক্সটাইল মিলে খুলনা টেক্সটাইল পল্লী স্থাপনের লক্ষ্যে শিল্প প্লট বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি), বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা এর নিয়ন্ত্রণাধীন খুলনা টেক্সটাইল মিলে খুলনা টেক্সটাইল পল্লী স্থাপনের নিমিত্ত বিভিন্ন সাইজের ২৪টি প্লট 'যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে' বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র সিডিউল প্রতি সেট ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র (অফেরৎযোগ্য) মূল্যে (১) সহকারী-সচিব, বেসরকারীকরণ/বিরাস্ত্রীয়করণ শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-১১১৭, ভবন নং-৬ (১২ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) প্রধান হিসাব রক্ষক, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৩) বিটিএমসি লিয়াজেট্ট অফিস, আমিন টেক্সটাইলস লিঃ, ষোলশহর, চট্টগ্রাম (৪) জেলা প্রশাসক, খুলনা এর দপ্তর এবং (৫) খুলনা টেক্সটাইল মিলস, বয়রা প্রধান সড়ক, খুলনা হতে প্রতি দিন অফিস চলাকালীন সময়ে ০৯.০১.২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে।

দরপত্র (১) সহকারী-সচিব, বেসরকারীকরণ/বিরাস্ত্রীয়করণ শাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-১১১৭, ভবন নং-৬(১২ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) জেলা প্রশাসক, খুলনা (৩) প্রধান প্রকৌশলী(অতিঃ দায়িত্ব), বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৪) খুলনা টেক্সটাইল মিলস লিঃ, বয়রা প্রধান সড়ক, খুলনায় রক্ষিত টেন্ডার বাগ্লে ১০.০১.২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে। একই দিনে বেলা ১২-৩০ ঘটিকায় উল্লিখিত সকল স্থানেই উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে এবং ১১.০১.২০১৮ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকায় বিটিএমসি ভবন, ২য় তলা, বোর্ড কক্ষে উপস্থিত দরদাতাদের সামনে(যদি কেহ উপস্থিত থাকেন) সীলমোহরকৃত দরপত্র খাম খোলা হবে।

দরপত্রের সঙ্গে জামানত হিসাবে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) অর্থ বিটিএমসি'র অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণ অথবা তাদের বৈধ প্রতিনিধিগণ দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্রের বিস্তারিত শর্তাবলী ও তফসিল দরপত্রের সিডিউলের সঙ্গে পাওয়া যাবে। যথাযথ জামানত ছাড়া দরপত্র প্রস্তাব দাখিল করলে তা বাতিল বলে গন্য হবে।

বিটিএমসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ এবং যে কোন বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

প্রকৌঃ রঞ্জন সরকার

প্রধান প্রকৌশলী (অতিঃ দায়িত্ব)

বিটিএমসি, ঢাকা।

ফোনঃ ৮৮০-২-৪৮১১১০১২

ই-মেইলঃ btmc.development@gmail.com